



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী পরিচালকের কার্যালয়  
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
কালেক্টরেট ভবন, নওগাঁ।

স্মারক নং-৩৮.০২.৬৪০০.৩৪৫.৯৯.০০৭.২০-২৯০

তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২৩ মাসের সভার কার্যপত্র ও আগস্ট/২৩ মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মহোদয়ের স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১১১.০৫.০০৪.২৩.৬৩১, তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের পরিপ্রেক্ষিতে নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার কার্যপত্র ও আগস্ট ২০২৩ মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি নিয়ে বর্ণিত ছকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ছক-১

বিভাগের নাম	সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার উপস্থাপনযোগ্য বিষয়/আলোচনা	প্রস্তাবনা/সম্ভাব্য সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নওগাঁ।	<p>১। আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মেয়াদ ছিল জুলাই/২০১৮ হতে জুন/২০২৩ পর্যন্ত। তবে জুলাই/২০২৩ হতে জুন/২০২৫ পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এই কর্মসূচির মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াধীন রয়েছে এবং শিক্ষা কার্যক্রম চলমান রাখার জন্য বাস্তবায়ন সহায়ক সংস্থা কারিতাস বাংলাদেশকে মহাপরিচালক (অতিরিক্ত সচিব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা মহোদয় পত্র মারফত নির্দেশনা প্রদান করেছেন। সে প্রেক্ষিতে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে উক্ত কার্যক্রমের উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়/শিখন কেন্দ্রে ১৭৮৮৪ জন শিক্ষার্থীর ৪র্থ শ্রেণির পাঠদান কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। নওগাঁ জেলার উপজেলা শিক্ষা অফিস হতে শিক্ষার্থীদের ৪র্থ শ্রেণির আংশিক বই পাওয়া গিয়েছে। ১৭৮৮৪জন শিক্ষার্থীর ১৭৮৮৪ সেট বই সরবরাহের জন্য জেলা প্রাথমিক অফিস, নওগাঁ এবং জেলার ১০টি উপজেলার (আত্রাই উপজেলা বাদে) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।</p> <p>২। জেলা, উপজেলা ও উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়/শিখন কেন্দ্র পর্যায়ে বিভিন্ন কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে।</p> <p>৩। উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়/শিখন কেন্দ্রসমূহ নিম্নস্বাক্ষরকারীসহ আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং প্রোগ্রাম সুপারভাইজারগণের মাধ্যমে কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে এবং মনিটরিং-এ প্রাপ্ত সমস্যা সমূহ জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচি সমন্বয় সভায় আলোচনা করে সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।</p>	<p>১। নওগাঁ জেলার ১০ টি উপজেলায় আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির ১৭৮৮৪ জন শিক্ষার্থীর জন্য ১৭৮৮৪ সেট শিক্ষার্থীদের বই সরবরাহে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নওগাঁ এবং উপজেলা শিক্ষা অফিসকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>১। জেলা, উপজেলা ও উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়/শিখন কেন্দ্র পর্যায়ে বিভিন্ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</p> <p>১। আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রকল্পটি নিয়মিত ভাবে তদারকি করতে হবে।</p>	<p>১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ।</p> <p>২। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক, নওগাঁ।</p> <p>১। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক, নওগাঁ।</p>

ছক-২


আগস্ট ২০২৩ মাসের সভার আলোচনা	আগস্ট ২০২৩ মাসের সভার গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন প্রতিবেদন
১। আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির (সাব কম্পোনেন্ট-২.৫ পিইডিপি-৪) আওতায় নওগাঁ সদর, রাণীনগর, মান্দা, নিয়ামতপুর, পোরশা, সাপাহার, পল্লীতলা, ধামইরহাট, মহাদেবপুর ও বদলগাছী উপজেলায় বিদ্যালয় বহির্ভূত (ঝরে পড়া ও স্কুলে ভর্তি না হওয়া) ৮-১৪ বছর বয়সী শিশুদের প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য দ্বিতীয় বার সুযোগ দিয়ে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার ধারায় নিয়ে আসা হয়েছে এবং প্রকল্পটির কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। লিড বাস্তবায়ন সহায়ক সংস্থা(আইএসএ) কারিতাস বাংলাদেশের মাধ্যমে জেলার ৭০০টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে ১৭৮৮৪জন শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের পোষাক, ব্যাগসহ উপবৃত্তি প্রদান করা হয়েছে।	১। আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির স্কুলগুলো যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রকল্পটি নিয়মিত তদারকি করতে হবে।	১। জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং নিয়মিতভাবে তদারকি করা হচ্ছে। উক্ত কর্মসূচির জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং প্রোগ্রাম সুপারভাইজারের মাধ্যমে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়/শিখন কেন্দ্র নিয়মিতভাবে তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করা হচ্ছে। পরিবীক্ষণে প্রাপ্ত সমস্যাসমূহ জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচি সমন্বয় সভায় আলোচনা করে সমাধানের ব্যবস্থা করা হচ্ছে।

জেলা প্রশাসক  
নওগাঁ।

দৃষ্টি আকর্ষণ: সহকারী কমিশনার, সাধারণ শাখা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ।
- ৩। অফিস কপি।



(দিলীপ কুমার সরকার)

সহকারী পরিচালক

জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
নওগাঁ।

ফোন: ০২৫৮৮৮৮২৭১৩  
adnaogaon@bnfe.gov.bd